

৭১৩ মাদ্রাসার স্বীকৃতি এবং এমপিও স্থগিত হচ্ছে

মুগাক্তর রিপোর্ট

মারাদেশের ৭১৩টি মাদ্রাসার একচেতনিক স্বীকৃতি এবং এমপিও স্থগিত হচ্ছে। এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা চলতি বছরের দাখিল পরীক্ষায় যোগ্য করেছে। এর মধ্যে কোন কোন প্রতিষ্ঠান থেকে একজনও পাস করেনি। আর বাকি প্রতিষ্ঠানগুলো থেকে সর্বমিল ৫ জনেরও কম পাস করেছে।

এছাড়া/সাধারণিক স্কুল ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানেরও একটি তালিকা তৈরি হচ্ছে বলে শিক্ষা, মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। এইসব প্রতিষ্ঠানের বিকল্পেও একই ধরনের গ্যাব্রিনুসক ব্যবস্থা নেয়া হবে। চলতি বছর এনএসসিতে ৩৪টি স্কুল এবং ১৭টি কারিগরি প্রতিষ্ঠান একজন ছাত্রও পাস করতে পারেনি। বর্তমানে ৫ জনের কম পাস করিয়েছে এমন প্রতিষ্ঠানের তালিকা তৈরি হচ্ছে।

মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ ইউসুফ বুধবার রাতে জানান, উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর একটি তালিকা গত সপ্তাহে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সরকারি নির্দেশনা অনুযায়ী এসব মাদ্রাসার এমপিও আপাতত স্থগিত থাকবে। তবে আগামী বছর ভালো ফল করতে পারলে সব প্রতিষ্ঠানের স্বীকৃতির পাশাপাশি এমপিও জাগের বতো দেয়া হবে।

৭১৩টি প্রতিষ্ঠানের মধ্যে ৬৭৩টি থেকে ৫ জনের কম পাস করেছে। আর ৪০টি মাদ্রাসা একজন শিক্ষার্থীও পাস করতে পারেনি।

সরকারি আইন অনুযায়ী সর্বমিল ১৫ জনের কম পাস করলে এমপিও স্থগিত করা যায়। তবে উল্লিখিত মাদ্রাসার মধ্যে অনেকগুলো থেকে সর্বমিল ৫ জনও পরীক্ষা দেয়নি বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।